

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৪৬]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ সালাম ফিরানোর পর ইমাম মুজাদীগণের দিকে মুখ ফিরিয়ে বসবে

باب يَسْتَقْبِلُ الْإِمَامُ النَّاسَ إِذَا سَلَّمَ

আরবী

عَنْ زَيْدِ بْنِ خَالِدِ الْجُهَنِيِّ أَنَّهُ قَالَ: صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالصُّبْحِ بِالْحُدَيْبِيَّةِ، عَلَى إِثْرِ سَمَاءٍ كَانَتْ مِنَ اللَّيْلَةِ، فَلَمَّا انْصَرَفَ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ هَلْ تَدْرُونَ مَاذَا قَالَ رَبُّكُمْ؟ قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ. قَالَ أَصْبَحَ مِنْ عِبَادِي مُؤْمِنٌ بِي وَكَافِرٌ، فَأَمَّا مَنْ قَالَ: مُطِرْنَا بِفَضْلِ اللَّهِ وَرَحْمَتِهِ، فَذَلِكَ مُؤْمِنٌ بِي، وَكَافِرٌ بِالْكَوْكَبِ، وَأَمَّا مَنْ قَالَ: بِنُوءٍ كَذَا وَكَذَا، فَذَلِكَ كَافِرٌ بِي، وَمُؤْمِنٌ بِالْكَوْكَبِ. (بخارى: ٤٧٥)

বাংলা

৪৭৫) য়ায়েদ বিন খালেদ জুহানী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুদায়বিয়াতে রাতে বৃষ্টির পর ভোরে আমাদেরকে নিয়ে ফজরের নামায আদায় করলেন। নামায শেষে তিনি মানুষের দিকে মুখ ফিরিয়ে বললেনঃ তোমরা কি জান তোমাদের মহাপরাক্রমশালী ও মর্যাদাবান প্রভু কি বলেছেন? তাঁরা বললেনঃ আল্লাহ এবং তাঁর রাসূলই অধিক জানেন। তিনি বললেনঃ আল্লাহ বলেছেনঃ আজকে আমার বান্দাদের মধ্যে কিছু লোক মু'মিন এবং কিছু লোক কাফের হয়ে গেল। যে বললঃ আল্লাহর অনুগ্রহ ও করুণায় আমরা বৃষ্টিপ্রাপ্ত হয়েছি সে আমার প্রতি ঈমান পোষণকারী এবং তারকারাজির (প্রভাবের) বিরোধিতাকারী। আর যে বললঃ অমুক অমুক তারকার কারণে আমরা বৃষ্টি প্রাপ্ত হয়েছি সে আমার প্রতি অবিশ্বাস পোষণকারী এবং তারকারাজির (প্রভাবের) উপর বিশ্বাস স্থাপনকারী।

English

The Imam should face the followers after finishing the prayer with Taslim.

Narrated Zaid bin Khalid Al-Juhani:

The Prophet (ﷺ) led us in the Fajr prayer at Hudaibiya after a rainy night. On completion of the prayer, he faced the people and said, "Do you know what

your Lord has said (revealed)?" The people replied, "Allah and His Apostle know better." He said, "Allah has said, 'In this morning some of my slaves remained as true believers and some became non-believers; whoever said that the rain was due to the Blessings and the Mercy of Allah had belief in Me and he disbelieves in the stars, and whoever said that it rained because of a particular star had no belief in Me but believes in that star.' "

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ য়য়েদ ইবনু খালিদ আল-জুহানী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89773>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন